# ALL INDIA RADIO, SILCHAR

*************

## EVENING BULLETIN : BENGALI

## Date: - 13-05-2024

## *Time: 19:45-19:55 Hrs*

---------------------------------------

(১) দেশের দশটি রাজ্য ও একটি কেন্দ্রশাসিত অঞ্চলের মোট ৯৬ টি আসনে লোকসভা নির্বাচনের চতুর্থ পর্যায়ের ভোটগ্রহণ প্রক্রিয়া সম্পন্ন/

(২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর শাসনকালে বিগত দশ বছরে উত্তর-পূর্বের পর্যটন ক্ষেত্রে অভূতপূর্ব বিনিয়োগ হয়েছে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার নতুন দিল্লিতে প্রকাশ/

(৩) কেন্দ্রীয় মাধ্যমিক শিক্ষা পর্ষদ (সি বি এস ই)'র দশম ও দ্বাদশ শ্রেণীর চূড়ান্ত পরীক্ষার ফলাফল ঘোষণা/

এবং

(৪) কুসংস্কার ও অন্ধ বিশ্বাসের বিরুদ্ধে আজীবন সংগ্রাম করে যাওয়া, পদ্মশ্রী সম্মানে ভূষিত বীরুবালা রাভার রাষ্ট্রীয় মর্যাদায় শেষকৃত্য সম্পন্ন/

---

দেশের দশটি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মোট ৯৬ টি লোকসভা আসনে আজ সকাল সাতটা থেকে লোকসভা নির্বাচনের চতুর্থ পর্যায়ের ভোটগ্রহণ

বিকেল পাঁচটায় শান্তিপূর্ণভাবে সম্পন্ন হয়েছে । নির্বাচন কমিশনের প্রকাশ করা তথ্য অনুসারে ভোটগ্রহণের সময় কোনোস্থান থেকে কোনোধরণের অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি । আজ নির্বাচন হওয়া ৯৬টি আসনের মধ্যে অন্ধ্র প্রদেশের ২৫ টি, তেলেঙ্গানার ১৭টি, উত্তর প্রদেশের ১৩টি, মহারাষ্ট্রের ১১টি, মধ্যপ্রদেশ ও পশ্চিমবঙ্গের আটটি করে, বিহারের পাঁচটি, ওড়িশা ও ঝাড়খন্ডের চারটি করে এবং কেন্দ্রশাসিত অঞ্চল জম্মু কাশ্মীরের একটি আসন রয়েছে । এই পর্যায়ে মোট এক হাজার ৭১৭ জন প্রার্থী প্রতিদ্বন্দিতা করছেন । আজকের নির্বাচনে প্রথমসারির নেতাদের মধ্যে যাদের রাজনৈতিক ভাগ্য নির্দ্ধারিত হয়েছে, তারা হলেন- কেন্দ্রীয় মন্ত্রী ও বিজেপির প্রবীণ নেতা গিরিরাজ সিং, অর্জুন মুন্ডা, জি কিশাণ রেড্ডি, অজয় কুমার মিশ্র, জে ডি ইউ'র রাজীব রঞ্জন সিং, সমাজবাদী পার্টির অখিলেশ যাদব, কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী, তৃণমূল কংগ্রেসের মহুয়া মৈত্র, শত্রুঘ্ন সিন্হা এবং এ আই এ এম' এর আসাদ উদ্দিন ওয়েসি । এই পর্যায়ের ভোটগ্রহণ সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার জন্য মোট এক লক্ষ ৯২ হাজার ভোটকেন্দ্রে ১৯ লক্ষেরও বেশি নির্বাচনী আধিকারিককে নিয়োজিত করা হয় ।

---

লোকসভা নির্বাচনের পরবর্তী তিনটি পর্যায়ের জন্য রাজনৈতিক দলসমুহের প্রচার অভিযান পূর্ণগতিতে অব্যাহত রয়েছে ।প্রবীণ বিজেপি নেতা তথা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বিহারে বেশ কয়েকটি জনসভায় অংশগ্রহণ করেন ।আজ সকালে হাজিপুরে এক জনসভায় ভাষণ দিয়ে প্রধানমন্ত্রী দেশের উন্নয়নের জন্য ভোটদান করার আহ্বান জানান ।প্রধানমন্ত্রী উত্তরপ্রদেশের বারাণসিতে একটি রোডশোয়ে অংশগ্রহণ করেন ।উল্লেখ্য প্রধানমন্ত্রী শ্রী মোদী আগামীকাল বারাণসি লোকসভা আসনের জন্য মনোনয়নপত্র দাখিল করবেন ।অন্যদিকে বিজেপির প্রবীণ নেতা অমিত শাহ আজ মহারাষ্ট্রের ধূলে ও পালঘরে নির্বাচনী সমাবেশে ভাষণ দেন ।

এদিকে কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খার্গে গতকাল মহারাষ্ট্রের ধূলেতে এক নির্বাচনী সভায় অংশগ্রহণ করে বিজেপি সরকারের তীব্র সমালোচনা করেন ।শ্রী খারগে আজ ঝারখন্ডে দুটি নির্বাচনী সভায় অংশ নেন ।কংগ্রেস নেতা রাহুল

গান্ধী ও প্রিয়াঙ্কা গান্ধী ও আজ উত্তরপ্রদেশের রায়বেরেলীতে নির্বাচনী প্রচারে অংশগ্রহণ করেন ।

-----------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা বলেছেন যে- নরেন্দ্র মোদী প্রধানমন্ত্রী হওয়ার পর উত্তর পূর্বাঞ্চলের লোকেদের প্রতি কেন্দ্রের পূর্বের ধারণার পরিবর্তন হয়েছে । নতুনদিল্লিতে অনুষ্ঠিত তপশিলী উপজাতি সম্মেলনে অংশগ্রহণ করে গতকাল তাঁর ভাষণে মুখ্যমন্ত্রী একথা বলেন । তিনি আরো বলেন যে- প্রধানমন্ত্রী শ্রী মোদী বিগত দশ বছরে ৭০ বার উত্তর পূর্বাঞ্চল সফর করেছেন । এবং এরমধ্যে ২৭ বার আসামে এসেছেন । প্রধানমন্ত্রী এই দৃষ্টিভঙ্গী উত্তর পূর্বাঞ্চলের উন্নয়নের ক্ষেত্রে বিশাল পরিবর্তন নিয়ে এসেছে বলেও ডঃ শর্মা উল্লেখ করেছেন । উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলিকে রেলসেবার মাধ্যমে দেশের সঙ্গে সংযুক্ত করে অভূতপূর্ব উন্নয়ন সাধন করার ক্ষেত্রে দৃঢ় পদক্ষেপ নেওয়া প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সীমা সুরক্ষার ক্ষেত্রেও পূর্বের সরকারের না করা কাজগুলি সম্পূর্ণ করেছেন বলেও তিনি মন্তব্য করেছেন। এদিকে আধুনিক স্থলপথ সহ ব্রহ্মপুত্রের উপরে বেশকয়েকটি নতুন সেতু নির্মাণের ফলে সমগ্র উত্তর পূর্বাঞ্চলে অর্থনৈতিক উন্নয়নের ক্ষেত্রে যুগান্তকারী প্রভাব বিস্তার করেছে বলে জানিয়ে মুখ্যমন্ত্রী বিগত দশ বছরে পর্যটনের ক্ষেত্রে অভূতপূর্ব বিনিয়োগ হয়েছে বলে উল্লেখ করেন ।

-----------------------------------------------------------------------

আসাম সরকার প্রতিরক্ষা ক্ষেত্রের নির্মাণ তথা উৎপাদনের অংশীদার হওয়ার জন্য প্রস্তুত রয়েছে । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা একটি জাতীয় সংবাদ মাধ্যমে একথা জানিয়ে বলেন যে- প্রতিরক্ষা শিল্প নীতির নতুন সংস্করণ আরম্ভ করার জন্য রাজ্য যুগান্তকারী পদক্ষেপ গ্রহণ করেছে । পেট্রোলিয়াম শোধন এবং সেমি কন্ডাক্টারের পর রাজ্য সরকার প্রতিরক্ষা শিল্পক্ষেত্রে অগ্রাধিকার দিয়েছে বলে উল্লেখ করে ডঃ শর্মা লোকসভা নির্বাচন শেষ হলে এই সুদূরপ্রসারী প্রক্রিয়া আরম্ভ হবে বলে প্রকাশ করেছেন । তিনি একইসঙ্গে আসাম বর্তমানে গুজরাট, উত্তর প্রদেশ এবং কর্ণাটকের প্রতিরক্ষা শিল্পনীতির

বিষয়ে অধ্যয়ন করছে বলে জানিয়ে এই ক্ষেত্রের উন্নত সংস্করণ চালু করার চেষ্টা করা হবে বলে জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় মাধ্যমিক শিক্ষা পর্ষদ ( সি বি এস ই) দশম এবং দ্বাদশ শ্রেণীর চূড়ান্ত পরীক্ষার ফলাফল আজ ঘোষণা করেছে ।সি বি এস ই'র ঘোষিত ফলাফল অনুযায়ী দশম শ্রেণীর পরীক্ষায় উত্তীর্ণের হার ৯৩ দশমিক ৬-০ শতাংশ ।ছাত্রীদের উত্তীর্ণের হার ৯৪ দশমিক ৭-৫ শতাংশের বিপরীতে ছাত্রদের উত্তীর্ণের হার ৯২ দশমিক ৭-১ শতাংশ ।সি বি এস ই'র দশম শ্রেণীর ফলাফলে পাশের হার বিগত বছরের থেকে শূণ্য দশমিক ৪-৮ শতাংশ বৃদ্ধি পেয়েছে ।

অন্যদিকে দ্বাদশ শ্রেণীর চূড়ান্ত পরীক্ষায় উত্তীর্ণের হার ৮৭ দশমিক ৯-৮ শতাংশ ।এই হার গতবছর থেকে দশমিক ৬-৫ শতাংশ বেশী বলে পর্ষদের এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে ।২৪ হাজারের ও বেশী পরীক্ষার্থী ৯৫ শতাংশের ও বেশী নম্বর লাভ করেছে এবং ১ লক্ষ ১৬ হাজারের ও বেশী পরীক্ষার্থী ৯০ শতাংশের ও বেশী নম্বর লাভ করেছে ।প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সামাজিক মাধ্যমে এক বার্তায় পরীক্ষায় সাফল্য লাভ করা ছাত্রছাত্রীদের অভিনন্দন জানিয়েছেন । উল্লেখ্য এবছর মোট ৩৯ লক্ষ ছাত্রছাত্রী সি বি এস ই'র দশম এবং দ্বাদশ শ্রেণীর পরীক্ষায় অবতীর্ণ হয়েছিল ।

---------------------------------------------------------------------------------

কুসংস্কার ও অন্ধবিশ্বাসের বিরুদ্ধে আজীবন সংগ্রাম করে যাওয়া তথা পদ্মশ্রী সম্মানে ভূষিত বিরুবালা রাভা আজ সকালে গুয়াহাটী মেডিক্যাল কলেজ ও হাসপাতালে শেষ নি:শ্বাস ত্যাগ করেছেন ।২০০০ সাল থেকে তিনি সমাজে প্রচলিত ডাইনী প্রথার বিরুদ্ধে কাজ করে গেছেন ।ভারত সরকার ২০২১ সালে বিরুবালা রাভাকে দেশের চতুর্থ অসামরিক সম্মান পদ্মশ্রী পুরস্কারে সম্মানিত করে ।মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা তাঁর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন ।তাঁর অন্তেষ্টিক্রিয়া সম্পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় করা হবে বলে উল্লেখ করে মুখ্যমন্ত্রী ডঃ শর্মা এই বিষয়ে সবদিক তদারক করতে কেবিনেট মন্ত্রী চন্দ্রমোহন পাটোয়ারী ও জয়ন্ত মল্লবরুয়াকে দ্বায়িত্ব প্রদান করেছেন ।কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ

সনোয়াল এক শোকবার্তায় বিরুবালা রাভার মৃত্যু আসামের সমাজ জীবনে অপূরণীয় ক্ষতি বলে মন্তব্য করেন ।মন্ত্রী রঞ্জিত দাস , এ আই ইউ ডি এফ প্রধান বদর উদ্দিন আজমল প্রমুখ তাঁর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেন ।

--------------------------------------------------------------------------------

উত্তর-পূর্ব সীমান্ত রেল সূত্রে জানানো হয়েছে যে লামডিং ডিভিশনের অধীন জাটিঙ্গা লামপুর এবং নিউ হারেঙ্গাজাও স্টেশনের মধ্যে রেল লাইনে সংস্কারের কাজের জন্য আগামীকালের শিলচর-গৌহাটী-শিলচর বিশেষ যাত্রী ট্রেন পরিষেবা বাতিল করা হয়েছে ।

--------------------------------------------------------------------------------

বিশ্ব ঐতিহ্যক্ষেত্র কাজিরাঙ্গা জাতীয় উদ্যান আগামী ৩১ মে থেকে দেশী বদেশী পর্যটকদের জন্য বন্ধ করা হবে । পূর্বে উদ্যান কর্তৃপক্ষ ১৫ মে জীপ সাফারী বন্ধ করার নির্দেশ জারি করেছিল ।তবে পর্যটকদের আগমনের প্রতি লক্ষ্য রেখে ৩১ মে পর্যন্ত এই সময়সীমা বৃদ্ধি করা হয়েছে ।উল্লেখ্য গত পয়লা মে থেকে উদ্যানটিতে হাতী সাফারী বন্ধ করা হয়েছে ।

--------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলায় পরিবেশ সংরক্ষনের জন্য সরকারী বিভাগগুলির পরিকল্পনা তৈরী করতে আজ হাইলাকান্দিতে এক সভা অনুষ্ঠিত হয়েছে । জেলা উন্নয়ন আয়ুক্ত এলডার্ড ফারহিনের পৌরহিত্যে আয়োজিত এই সভায় সরকারী বিভাগগুলিকে পরিবেশ সংক্রান্ত পরিকল্পনা আগামী ১৭ই মে-র মধ্যে জেলা প্রশাসনের কাছে জমা দিতে বলা হয়েছে । সভায় পরিবেশ রক্ষায় হাইলাকান্দি পৌর এলাকায় পৌরসভাকে এবং গ্রামীণ এলাকায় জনস্বাস্থ্য ও কারিগরী বিভাগ এবং গ্রাম উন্নয়ন বিভাগকে কাজ করার নির্দেশ দেওয়া হয়েছে । সভায় স্বাস্থ্য বিভাগ থেকে বায়ো মেডিকেল বর্জ্য নিষ্কাশনের জন্য কমন ট্রিটমেন্ট প্ল্যান তৈরী করতে জেলা প্রশাসনের কাছে অনুরোধ করা হয়েছে ।

--------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা প্রশাসনের পক্ষ থেকে জেলায় বাঁশের সংক্রমন প্রতিরোধে উচ্চ সর্তকতা জারি করা হয়েছে । জেলা প্রশাসনের পক্ষ থেকে কোনও স্থানে বাঁশের ফুলের থেকে হওয়া সম্ভাব্য সংক্রমন দেখা দিলে অবিলম্বে কৃষি

বিভাগকে অবগত করতে বলা হয়েছে । জেলা বন আধিকারীক অখিল দত্তের পৌরহিত্যে আজ জেলা কৃষি আধিকারিকের কার্য্যলয়ে আয়োজিত এক সভায় বাশেঁর ফুল সংক্রান্ত বিষয়ে জনসচেতনতা বাড়ানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে । সভায় বাঁশে ফুল দেখা দিলে বাঁশ অবিলম্বে কেটে দিতে এবং বাঁশ ঝাড়ে পরিবেশ বান্ধব কীটনাশক ছড়িয়ে দিতে বলা হয়েছে ।

---------------------------------------------------------------------------

সমগ্র দেশের সঙ্গে কাছাড় জেলায়ও গত ১১ই মে কাছাড় জেলা আইনী পরিষেবা কর্তৃপক্ষের উদ্যোগে জাতীয় লোক আদালত অনুষ্ঠিত হয়েছে । লোক আদালতে মোটর আইন সংক্রান্ত মামলা, দেওয়ানী মামলা ,ফৌজদারী মামলা , বৈবাহিক বিরোধের মামলা সহ ব্যাঙ্ক ঋণ , টেলিফোন বিল, বিদ্যুৎ বিল সংক্রান্ত ৫৯৬টি মামলার নিষ্পত্তি করা হয়েছে । এছাড়া এদিনের লোক আদালতে তিন কোটী ২৭ লক্ষ ২১ হাজার ৯শ ৭৩ টাকা জরিমানা আদায় করা হয়েছে ।

---------------------------------------------------------------------------